মার্কিন যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট আদালত
নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্ট

জনাথান নেবে (JONATHAN NNEBE) *এবং অন্যান্য*

বাদী,

-বনাম-

ম্যাথিউ ডাউস (MATTHEW DAUS) *এবং অন্যান্য*

বিবাদী।

নং. 06-cv-4991 (RJS)

অ্যান্থনি স্টলওয়ার্থ (ANTHONY STALLWORTH), *ব্যক্তিগতভাবে এবং একই অবস্থায় থাকা অন্যান্যদের পক্ষ থেকে এবং অন্যান্য*

বাদী,

-বনাম-

মীরা যোশি (MEERA JOSHI) *এবং অন্যান্য*

বিবাদী।

নং. 17-cv-7119 (RJS)

**নোটিশ অব পেন্ডেন্সি অব ক্লাস অ্যাকশন**

প্রতি: 2003 সাল থেকে 2020 সালের মধ্যে অপরাধমূলক অভিযোগে গ্রেফতার হওয়ায় NYC ট্যাক্সি ও লিমুজিন কমিশন (TLC) ট্যাক্সি বা ভাড়ার গাড়ি চালানো যে সব চালকের লাইসেন্স সাসপেন্ড করেছে (সম্মিলিতভাবে ক্লাস বলা হয়)।

**অনুগ্রহ করে এই নোটিশটি সম্পূর্ণভাবে পড়বেন।**
**এই আইনানুগ ব্যবস্থায় অগ্রসর হলে আপনার অধিকারগুলিতে প্রভাব পড়তে পারে।**
**এই নোটিশের অনুবাদ WWW. TLCSUSPENSIONCASE.COM-তে পাওয়া যাবে**

এটি আদালতের নির্দেশ সম্বলিত একটি বিজ্ঞপ্তি যে নিউ ইয়র্ক শহর এবং NYC ট্যাক্সি ও লিমুজিন কমিশনের কর্মকর্তাদের বিরুদ্ধে দুইটি আনুষঙ্গিক, অমিমাংসিত মামলায় আপনি ক্লাসের সদস্য হতে পারেন, যা বর্তমানে নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টের মার্কিন যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট আদালতে অমিমাংসিত আছে।

এই নোটিশটি আপনাকে পরামর্শ দেওয়ার উদ্দেশ্য প্রস্তুত করা হয়েছে যে ক্লাস অ্যাকশন হিসাবে অগ্রসর হওয়ার জন্য অ্যাকশনটি আদালত প্রত্যয়িত করেছে এবং আদালত নির্ধারণ করেছে যে 2003 সালের 28 জুন থেকে 2020 সালের 18 ফেব্রুয়ারির মধ্যে গ্রেফতার হওয়ার ভিত্তিতে সাসপেনশনের শর্তাধীনের থাকা চালকদের জন্য শহর কর্তৃপক্ষ যেভাবে নোটিফিকেশন দিয়েছে এবং শুনানি পরিচালনা করেছে, তাতে সংবিধান লঙ্ঘন করা হয়েছে। **তাই আপনি ক্ষতিপূরণ হিসাবে টাকা পেতে পারেন। এই মামলার অংশ হওয়ার জন্য এখন আপনাকে কোনো পদক্ষেপ নিতে হবে না।**

**নিম্নোক্তগুলি ব্যাখ্যা করার জন্য আপনাকে এই নোটিশটি দেওয়া হচ্ছে:**

1. মামলার বিস্তারিত
2. ক্লাসের সদস্য হিসাবে আপনার অধিকার

3. ক্ষতিপূরণ হিসাবে হিসাবে আপনি টাকা পাবেন কিনা
4. আপনাকে যা করতে হতে পারে
5. আদালতের পরবর্তী কার্যক্রম
6. মামলার ব্যাপারে কীভাবে তথ্য পাবেন

**1. মামলার বিস্তারিত**

দুইটি আনুষঙ্গিক মামলা আছে: *নেবে এবং অন্যান্য বনাম ডাউস এবং অন্যান্য* (মামলা নং. 06-cv-4991) এবং *স্টলওয়ার্থ এবং অন্যান্য বনাম যোশি এবং অন্যান্য* (মামলা নং. 17-cv-7119)।

নির্দিষ্ট কিছু অপরাধমূলক অভিযোগের জন্য গ্রেফতারির কারণে TLC যে সব চালকের লাইসেন্স সাসপেন্ড করেছে তাদেরকে প্রদান করা আসামীর প্রক্রিয়াকে নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়াকার্স অ্যালায়েন্স (NYTWA) সহ একত্রে বাদী জনাথান নেবে, এডুয়ার্ডো অ্যাভেনাউট (Eduardo Avenaut), খাইরুল আমিন (Khairul Amin), অ্যান্থনি স্টলওয়ার্থ, পরিচয় বর্মন (Parichay Barman) এবং নূর তানি (Noor Tani) চ্যালেঞ্জ করেছেন। বিশেষত বাদী অভিযোগ করেছেন যে চালকের অপরাধমূলক মামলাতে সাসপেন্ড করা লাইসেন্স চালু করার জন্য অমিমাংসিত রেজলিউশনের শুনানি এবং পোস্ট-সাসপেনশন নোটিশ অসাংবিধানিক ছিল। 2019 সালে মার্কিন যুক্তরাষ্ট্রের আপিল কোর্টের দ্বিতীয় সার্কিট রায় দিয়েছিল যে আইনি প্রক্রিয়ার জন্য সাসপেন্ড হওয়া চালকদেরকে সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত করা হয়েছিল, কারণ (1) কী ধরনের শুনানি হবে সে ব্যাপারে নোটিশে পর্যাপ্তভাবে বলা হয়নি এবং (2) যে সব চালকের লাইসেন্স সাসপেন্ড করা হয়েছে, মামলায় তাদেরকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি।

মামলাটিকে একটি ক্লাস অ্যাকশন হিসাবে অগ্রসর করার জন্য ডিস্ট্রিক্ট কোর্ট অনুমোদন দিয়েছে। একটি ক্লাস অ্যাকশনে এক বা একাধিক লোকজনকে "ক্লাস প্রতিনিধি" বলা হয়, অন্যান্য লোকজনের পক্ষ থেকে মামলাতে "ক্লাসের সদস্য" বলা হয়, যাদের একই ধরনের দাবি আছে। এই মামলায় ক্লাসের প্রতিনিধিরা হলেন বাদী জনাথান নেবে, এডুয়ার্ডো অ্যাভেনাউট, খাইরুল আমিন, অ্যান্থনি স্টলওয়ার্থ, পরিচয় বর্মন এবং নূর তানি, যাদের প্রত্যেকেই গ্রেফতার হওয়ার পর তাদের ট্যাক্সি বা ভাড়ার গাড়ি (FHV) চালানোর লাইসেন্স TLC সাসপেন্ড করে দেয়।

2003 সালের 28 জুন থেকে 2020 সালের 18 ফেব্রুয়ারির মধ্যে অপরাধমূলক অভিযোগের ভিত্তিতে গ্রেফতার হওয়া যে চালকদের লাইসেন্স TLC সাসপেন্ড করেছে, তাদের গাড়িগুলি সব ট্যাক্সি বা ভাড়ার গাড়ির শ্রেণির মধ্যে অন্তর্ভুক্ত। এবার ডিস্ট্রিক্ট আদালত ঠিক করবে যে কারা আর্থিক ক্ষতিপূরণ পাবেন এবং যদি পান, তার পরিমাণ কত হবে। আদালত নির্দেশ দিয়েছিল যে চালকদের মধ্যে যারা এই ক্লাসের সদস্য, তারা সর্বনিম্ন ক্ষতিপূরণ হিসাবে এক ডলার পাবেন।

**2. ক্লাসের সদস্য হিসাবে আপনার অধিকার**

আপনি এই নোটিশ পেয়েছেন কারণ আদালত এই মামলায় একটি ক্লাস হিসাবে নিশ্চিত করেছে এবং আপনাকে ক্লাসের একজন সদস্য হিসাবে শনাক্ত করা হয়েছে, যার অধিকার লঙ্ঘন করা হয়েছে। ক্লাস হলো এক প্রকারের মামলা যাতে সমগ্র গ্রুপের জন্য আর্থিক ক্ষতিপূরণ বা অন্যান্য ত্রাণ অথবা সুবিধা নেওয়ার জন্য একই পরিস্থিতিতে থাকা কোনো গ্রুপের সমস্ত সদস্যের তরফ থেকে এক বা একাধিক ব্যক্তি অধিকার দাবি করেন। ডিস্ট্রিক্ট আদালত সিদ্ধান্ত নিয়েছে যে এই মামলাটি ক্লাস অ্যাকশন হিসাবে অগ্রসর হতে পারবে না কারণ এটি সিভিল প্রসিডিওর 23 এর ফেডারেল আইনের শর্তাবলী পূরণ করে। বিচারক রিচার্ড জে. সুলিভান (Richard J. Sullivan) এই ক্লাস অ্যাকশনটির পরিচালনা করছেন।

এই ব্যাপারে কোনো রায় দিলে ক্লাসের সব সদস্যের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে। 2003 সালের 28 জুন থেকে 2020 সালের 18 ফেব্রুয়ারির মধ্যে যেকোনো সময় কোনো অপরাধমূলক অভিযোগের জন্য গ্রেফতারির কারণে আপনার লাইসেন্স TLC সাসপেন্ড করলে আপনি ক্লাসে অন্তর্ভুক্ত, যদি না নিচে উল্লেখ করা পদ্ধতি অনুযায়ী আপনি নিজেকে বাদ দেওয়ার অনুরোধ করে থাকেন।

ড্যানিয়েল এল. অ্যাকম্যান (Daniel L. Ackman), ডেভিড টি. গোল্ডবার্গ (David T. Goldberg) এবং শ্যানন লিস-রিয়োরডান (Shannon Liss-Riordan) এই ক্লাসের প্রতিনিধির ভূমিকা পালন করছেন, যাদেরকে ক্লাসের কাউন্সেল হিসাবে নিয়োগ করা হয়েছে; তাদের যোগাযোগের তথ্য নিচে উল্লেখ করা হলো। তবে আপনি নিজস্ব খরচে একজন আইনজীবীর মাধ্যমে এই মামলায় হাজির হতে পারেন কিন্তু আপনার সেটা করার প্রয়োজন নেই।

**3. আমি কি আর্থিক ক্ষতিপূরণ পেতে পারি?**

ক্লাসের সব সদস্য ন্যূনতম এক ডলার আর্থিক ক্ষতিপূরণ পেতে পারেন। কোনো ক্লাসের সদস্য ক্ষতিপূরণ হিসাবে টাকা পাবেন কিনা তা এমন একটি পদ্ধতির মাধ্যমে নির্ধারণ করা হয়, যেটি এই মূল্যায়ন করবে যে পর্যাপ্ত শুনানি হলে এবং পর্যাপ্ত শুনানিতে অধিকারের পর্যাপ্ত নোটিশ দেওয়া হয়ে থাকলে তাদের অধিকার পূর্বাবস্থায় ফিরিয়ে দেওয়া হতো কিনা। এই কার্যক্রমের মাধ্যমে ঠিক করা হবে যে ক্লাসের কোনো সদস্যের পেন্ডেন্সির সময় TLC তাকে লাইসেন্সের অনুমোদন করলে তার পূর্বেকার অমিমাংসিত অপরাধমূলক মামলাটি জনসুরক্ষায় ঝুঁকি সৃষ্টি করবে কিনা। ক্ষতিপূরণ হিসাবে যদি কোনো অর্থরাশি দেওয়া হয়,

তাহলে সেটি TLC অসাংবিধানিক উপায়ে সাসপেন্ড করার অভ্যাসের ফলশ্রুতি হিসাবে সংশ্লিষ্ট ব্যক্তির যে ক্ষতি হয়েছে, তার আংশিক প্রমাণের ভিত্তিতে একজন নিরপেক্ষ সিদ্ধান্ত গ্রহণকারী ব্যক্তি তা ঠিক করবেন। ক্ষতিপূরণ হিসাবে অর্থ দাবি করার জন্য কার্যক্রমে পেশ করা প্রমাণ এবং ক্লাসের সদস্যের যোগ্যতার ক্ষেত্রে আসামী সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানাতে পারেন।

## 4. আপনাকে যা করতে হতে পারে

**ক্লাসে থাকার জন্য এবং ন্যূনতম ক্ষতিপূরণ পেতে এবং অতিরিক্ত আর্থিক ক্ষতিপূরণ পাওয়ার সম্ভাবনার জন্য আপনাকে কিছু করতে হবে না।** আপনি যদি ক্লাসে থাকতে না চান, তাহলে আপনাকে অবশ্যই ক্লাস থেকে বাদ দেওয়ার বিষয়টি লিখিতভাবে অনুরোধ করে জানাতে হবে। আপনি যদি নিজেকে ক্লাস থেকে বাদ দেন, তাহলে আপনি মামলার কোনো নিষ্পত্তি, পুনরুদ্ধার বা অনুকূল রায়ে অংশগ্রহণ করতে পারবেন না। আপনি ক্লাস থেকে নিজেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নিলে ব্যক্তি হিসাবে নিজস্ব ক্ষমতাবলে অধিকার দাবি করতে পারেন। এই কাজের জন্য আপনি কোনো আইনজীবী ভাড়া করলে তার খরচ আপনাকেই বহন করতে হবে।

**আপনি যদি ক্লাস থেকে নিজেকে বাদ দিতে চান, তাহলে আপনাকে অবশ্যই সংযুক্ত ফরমটি সম্পন্ন করতে হবে।**

আপনি ক্লাস থেকে নিজেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নিলে পূরণ করা ফরমটি প্রথম শ্রেণির ডাকযোগে বা ওভারনাইট ডেলিভারি, পোস্টমার্ক করা হিসাবে ক্লাস কাউন্সেল শ্যানন লিস-রিওরডানকে Lichten & Liss-Riordan, 729 Boylston Street Suite 2000, Boston MA 02116 ঠিকানায় **2022 সালের 18 জুলাইয়ের** মধ্যে পাঠাতে হবে। বিকল্প হিসাবে পূরণ করা ফরমটি **2022 সালের 18 জুলাইয়ের** মধ্যে tlcsuspensioncase@llrlaw.com-তে পাঠাতে পারেন। **অনুগ্রহ করে ফরমটি আদালতে পাঠাবেন না।**

## 5. আদালতের পরবর্তী কার্যক্রম

উপরে উল্লেখিত অনুযায়ী, আদালত ইতোমধ্যে ঠিক করেছে যে বাদীর অনুকূলে মামলাটি অগ্রসর হবে এবং একটি ক্লাস প্রতিষ্ঠা করেছেন। এরপর ক্লাসের সদস্যরা আর্থিক ক্ষতিপূরণ পাবেন কিনা এবং পেলে তার পরিমাণ কত হবে, সেটা আদালত পৃথক শুনানির মাধ্যমে ঠিক করবে।

## 6. কীভাবে আরো তথ্য পাবেন

এটি কেবলমাত্র একটি সংক্ষিপ্ত নোটিশ; এটি পক্ষগুলির সম্পূর্ণ দাবি এবং আত্মপক্ষ সমর্থন বিশদে বর্ণনা করে না। Daniel Patrick Moynihan U.S Courthouse, 500 Pearl Street, New York, New York 10007-এ অফিসের কার্যকালীন সময়ে এই লিটিগেশন সংক্রান্ত আবেদন এবং অন্যান্য সব রেকর্ড পরীক্ষা করা যাবে। আপনার অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে **tlcsuspensioncase@llrlaw.com-তে ইমেইল করতে পারেন বা Shannon Liss-Riordan, Lichten & Liss-Riordan, P.C., 729 Boylston Street, Suite 2000, Boston, MA 02116 ঠিকানায় চিঠি লিখতে পারেন** বা **929-477-9200** নম্বরে কল করতে পারেন।


**Shannon Liss-Riordan**
**Lichten & Liss-Riordan, P.C.**
**729 Boylston Street, Suite 2000**
**Boston, MA 02116**
**www.llrlaw.com**

**Daniel Lee Ackman**
**Law Office of Daniel L. Ackman**
**165 Broadway, 23rd Floor**
**New York, NY 10006**
**www.danackmanlaw.com**
**ইমেইল: dan@danackmanlaw.com**

**David Thomas Goldberg**
**Donahue & Goldberg, L.L.P.**
**240 Kent Ave.**
**Brooklyn, NY 11249**


## 7. আমার ঠিকানা পরিবর্তন হলে কী করব?

এই নোটিশটি যদি আপনার কোনো পুরনো ঠিকানায় পাঠানো হয় বা আপনি যদি অন্য কোথায় চলে গিয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে ক্লাস কাউন্সেলকে আপনার বর্তমান ঠিকানা জানান, যাতে আপনি ভবিষ্যতের নোটিশ এবং/অথবা দাবির ফরমের প্রমাণ পেতে পারেন। আপনি যদি ক্লাসের সদস্য না হন, তাহলে এই নোটিশটি এড়িয়ে যেতে পারেন। আপনার ঠিকানায় কোনো পরিবর্তন হলে তা tlcsuspensioncase@llrlaw.com-তে ইমেইল করে বা Lichten & Liss-Riordan, 729 Boylston Street Suite 2000, Boston MA 02116 ঠিকানাতে চিঠি লিখে জানান। এছাড়া 929-477-9200 নম্বরে কল করতে পারেন।

**ক্লাস অ্যাকশন থেকে বাদ দেওয়ার জন্য অনুরোধ**

*নেবে এবং অন্যান্য বনাম ডাউস এবং অন্যান্য* (মামলা নং. 06-cv-4991)
*স্টলওয়ার্থ এবং অন্যান্য বনাম যোশি এবং অন্যান্য।* (মামলা নং. 17-cv-7119)

**অনুগ্রহ করে এই নির্দেশাবলী পড়ুন**

**আপনাকে এই ফরমটি পূরণ করতে হবে না। আপনি যদি ক্লাস অ্যাকশনের সদস্য হিসাবে থাকতে চান এবং ন্যূনতম আর্থিক ক্ষতিপূরণ পেতে চান, তাহলে আপনাকে কিছু করতে হবে না।**

**আপনি যদি এই ক্লাস অ্যাকশন থেকে নিজেকে বাদ দিতে চান, তাহলে 2022 সালের 18 জুলাইয়ের মধ্যে এই ফরমটি পূরণ করুন এবং এটি পোস্টমার্ক করুন বা ইমেইল করুন।**

**ব্যক্তিগত তথ্য:** অনুগ্রহ করে নিম্নোক্ত তথ্য প্রিন্ট করুন বা টাইপ করুন।

নাম: ______________________________ TLC লাইসেন্স নং.: ______________

স্ট্রিট অ্যাড্রেস: ______________________________

শহর, স্টেট, জিপ কোড: ______________________________

ইমেইল ঠিকানা: ______________________________

টেলিফোন নম্বর: ______________________________

**সঠিক বক্স বেছে নিন এবং স্বাক্ষর করুন**

| | |
|---|---|
| ☐ | আমি এই অ্যাকশনের ক্লাস থেকে নিজেকে বাদ দিতে চাই। আমি বুঝেছি যে: (1) আমি এমন কোনো সম্ভাব্য পুনরুদ্ধারের বিশদ শেয়ার করব না যা এই অ্যাকশনে নিষ্পত্তি বা ট্রায়ালের ফল হিসাবে ক্লাস সংগ্রহ করেছে; (2) আসামীর অনুকূলে অ্যাকশনে কোনো সিদ্ধান্ত আমার ক্ষেত্রে প্রযোজ্য হবে না এবং (3) আমার নিজস্ব খরচে আমি নিজেই মামলা দাখিল করার মাধ্যমে আসামীর বিরুদ্ধে আমার কোনো দাবি থাকলে তা পেশ করতে পারি। |

স্বাক্ষর: ______________________________ তারিখ: ______________

**নির্দেশাবলী জমা করা**

এটি অবশ্যই **2022 সালের 18 জুলাইয়ে** বা তার আগে tlcsuspensioncase@llrlaw.com-তে ইমেইল করতে হবে বা নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে: Lichten & Liss-Riordan, 729 Boylston Street Suite 2000, Boston MA 02116, **2022 সালের 18 জুলাইয়ের** মধ্যে পোস্টমার্ক করতে হবে। **অনুগ্রহ করে এই ফরমটি আদালতে পাঠাবেন না।**